

## Model Question : 2023-24

Class : XII

Subject: Sociology

Time : 3 Hours 15 Minutes

Total Marks : 80

*(The figures in the margin indicate full marks.)*

### বিভাগ- ক

#### I. সঠিক উত্তরটি বাছাই করো:-

১ x ১০=১০

১. জনসংখ্যায় লিঙ্গ ভারসাম্যের এক গুরুত্বপূর্ণ সূচক হল-

- ক) লিঙ্গ অনুপাত  
খ) পরিবর্তনশীল বয়স কাঠামো  
গ) জনসংখ্যার লভ্যাংশ  
ঘ) কোনটাই না

২. নিচের কোন্টিকে জাতীয়তাবাদী আন্দোলনে 'সামাজিক অপশক্তি' হিসাবে গন্য করা হয়-

- ক) শ্রেণী  
খ) জাতি  
গ) সম্প্রদায়  
ঘ) সবগুলোই

৩. নাকারাত্তোরসরা কোন্ রাজ্যের বাসিন্দা-

- ক) চেন্নাই  
খ) মুম্বাই  
গ) তামিলনাড়ু  
ঘ) অন্ধ্রপ্রদেশ

৪. নিচের কোনটি গণমাধ্যম নয়?

- ক) সংবাদপত্র  
খ) টেলিভিশন  
গ) চলচ্চিত্র  
ঘ) সংঘ

৫. এম.এন. শ্রীনিবাসের মতে নিম্নজাতি সংস্কৃতায়নের চেষ্টা করে, অন্যদিকে উচ্চজাতি কিসের প্রচেষ্টা করে?

- ক) আধুনিকীকরণ  
খ) পাশ্চাত্যকরণ  
গ) সংস্কৃতায়ন  
ঘ) ধর্মনিরপেক্ষতা

৬. খাসিদের প্রথাগত রাজনৈতিক ব্যবস্থায় প্রতিটি বংশের একটি নিজস্ব মন্ত্রিসভা ছিল, তাকে কি বলা হত?

- ক) সংঘ  
খ) প্রতিষ্ঠান  
গ) দুরবার কুর  
ঘ) ফেডারেশন

৭. সমাজতত্ত্ববিদ জন ব্রিম্যান প্রচরণকারী শ্রমিকদের কি নামে আখ্যায়িত করেন?

- ক) মুক্ত শ্রমিক  
খ) ভূমিহীন শ্রমিক  
গ) কৃষি শ্রমিক  
ঘ) কোনটাই না

৮. কোন্ সাল থেকে আমদানির উপর সকল ধরনের পরিমাণগত বিধিনিষেধ উঠিয়ে নেওয়া হয়েছে?

- ক) ২০১১  
খ) ২০০১  
গ) ২০১৮  
ঘ) ২০১৫

৯. নিচের কোনটি রিয়েলিটি শো- এর উদাহরণ?

ক) কৌন বনেগা করোরপতি

খ) ইন্ডিয়ান আইডল

গ) বিগ্‌বস

ঘ) সবগুলোই

১০. মহাত্মা গান্ধী কিসের সাহায্যে ব্রিটিশ সরকারের কর নীতির প্রতিবাদ জানান?

ক) চরকা চালনা

খ) ডান্ডি অভিযান

গ) হস্ততাত বস্ত্র পরিধান

ঘ) কোনটাই না

### বিভাগ- খ

II. একটি শব্দে অথবা বাক্যে উত্তর দাও:-

১ x ১০=১০

১. বিশ্বায়নের একটি উদাহরণ দাও।

২. কর্পোরেট সংস্কৃতি কি?

৩. বোম্বে টেক্সটাইলের বিখ্যাত ধর্মঘট কত সালে সংগঠিত হয়?

৪. কেরালার গ্রামাঞ্চলে কোন ধরণের অর্থনীতি বিদ্যমান?

৫. পঞ্চগয়েতের আয়ের প্রধান উৎস কি?

৬. ভারতের একটি শিল্প শহরের নাম লেখো।

৭. কাকে সমকালীন অর্থনীতির উদ্ভাবক হিসাবে জানা যায়?

৮. কে সত্যশোধক সমাজের প্রবর্তন করেন?

৯. প্রথম জনগণনা কতসালে করা হয়েছিল?

১০. ম্যালথুসের ধনাত্মক কার্য বা 'Positive checks'- এর একটি উদাহরণ দাও।

### বিভাগ- গ

III. নিচের প্রশ্নগুলোর উত্তর ২০-৩০ শব্দের মধ্যে লেখো:-

২ x ৫=১০

১. সংরক্ষণ কি?

২. সমাজতন্ত্রে 'সংখ্যালঘু' ধারণাটি দিয়ে কি বুঝানো হয়?

৩. শিল্পায়ন বলতে কি বুঝায়?

৪. স্বাধীনতার পরবর্তীকালে ভারতের গুরুত্বপূর্ণ অর্থনীতির দপ্তরগুলো কি কি ছিল?

৫. দলিত আন্দোলনের তাৎপর্য কি?

## বিভাগ- ঘ

IV. নিচের প্রশ্নগুলোর উত্তর ৪০-৬০ শব্দের মধ্যে লেখো:-

৩ x ৪=১২

১. উপজাতি আন্দোলনের উপর টীকা লেখো।
২. কাজ কিভাবে সংগঠিত হয়?
৩. ভারতে নগরায়নের প্রভাব সংক্ষেপে লেখো।
৪. পারম্পরিকভাবে জাতি কিভাবে পেশার সঙ্গে যুক্ত ছিল?

## বিভাগ- ঙ

V. নিচের প্রশ্নগুলোর উত্তর ৮০-১০০ শব্দের মধ্যে লেখো:-

৪ x ৭=২৮

১. লিঙ্গ অনুপাত হ্রাসের প্রভাব কী কী হতে পারে লেখো।
২. একটি উদাহরণের সাহায্যে 'পণ্যকরণ' পদ্ধতিটিকে বোঝাও।
৩. দিব্যাঙ্গ সম্পর্কিত মুখ্য সামাজিক ধারণার কিছু বৈশিষ্ট্য লেখো।
৪. গণতান্ত্রিক সরকার গঠনে রাজনৈতিক দলগুলোর ভূমিকা লেখো।
৫. গ্রামীণ সমাজে উদারীকরণের প্রভাব লেখো।
৬. বিশ্বায়ন কিভাবে নতুন শ্রম-বিভাজনের জন্ম দেয়?
৭. টেলিভিশন মাধ্যমে কি ধরণের পরিবর্তন ঘটেছিল- আলোচনা কর।

## বিভাগ- চ

VI. নিচের প্রশ্নগুলোর উত্তর ১২০ শব্দের মধ্যে লেখো:-

১. আমাদের দৈনন্দিন জীবনে পাশ্চাত্যকরণের প্রভাব উদাহরণসহ আলোচনা কর।

অথবা

সংস্কৃতায়ন কিভাবে অ-গণতান্ত্রিক দৃষ্টিভঙ্গীর প্রতিফলন করে- আলোচনা কর।

২. সংখ্যালঘু সংরক্ষণ সম্পর্কে ডাঃ বি. আর. আম্বেদকরের স্পষ্টীকরণ আলোচনা কর।

অথবা

'সাম্প্রদায়িকতা' কিভাবে উগ্র জাতীয়তাবাদের জন্ম দেয়, আলোচনা কর।

\*\*\*\*\*